



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

ফোন : ৯৫৭৪০২৫
পিএবিএক্স : ৯৫৬০০৩১-৩৫/২৫০
ই-মেইল : dgmbcbdd@krishibank.org.bd

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যাউবি-১(৩৩)/২০১৬-২০১৭/১৪৬৬(২০)

তারিখঃ ২১-০৬-২০১৭

- ০১। বিভাগীয় মহাব্যবস্থাপক
বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/ময়মনসিংহ/
- ০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে তফসিলি ব্যাংকের সংশ্লিষ্ট শাখাসমূহ আগামী ২৩ ও ২৪ জুন, ২০১৭ তারিখ (শুক্রবার ও শনিবার) খোলা রাখা প্রসংগে।
প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন হতে ০৬ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ/ ২০ জুন, ২০১৭ তারিখে জারীকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১৬ এ বর্ণিত নির্দেশনা সংশ্লিষ্ট সকলের অবগতি ও যথাযথ অনুসরণ/পরিপালনের জন্য এতদসংগে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)।


০২। বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত সার্কুলার লেটার এর নির্দেশনার প্রেক্ষিতে তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে এবং রপ্তানী বাণিজ্য সচল রাখার স্বার্থে আপনাদের বিভাগাধীন ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়নগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত পোশাক শিল্প এলাকা সংশ্লিষ্ট শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক খোলা রাখার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, ব্যাংকের অন-লাইনভুক্ত শাখাসমূহে ট্রানজাকশন নিরবিচ্ছিন্ন রাখার লক্ষে প্রধান কার্যালয়ের আইসিটি সিস্টেমস বিভাগের সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী আগামী ২৩ ও ২৪ জুন ২০১৭ তারিখ (শুক্রবার ও শনিবার) অফিসে উপস্থিত থাকবেন।

০৩। উল্লেখ্য, ২৩ ও ২৪ জুন, ২০১৭ তারিখ ছুটির দিন হওয়ায় ঐদিন অফিসের কাজে উপস্থিত থাকার জন্য অত্র বিভাগ হতে গত ২০-১০-২০১৩ তারিখের জারীকৃত পত্র নং-প্রকা/শানিব্যাউবি-১(২৭)অংশ-২/২০১৩-২০১৪/৬৪২ এ বর্ণিত নির্দেশনা মোতাবেক জন প্রতি কর্মকর্তাগণকে ৪০০/- (চার শত) টাকা এবং কর্মচারীগণকে ৩০০/- (তিন শত) টাকা হারে ভাতা প্রদান করা যাবে। তবে উক্ত তারিখে অফিসে উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণ কোন যাতায়াত/মধ্যাহ্ন ভোজন ভাতা প্রাপ্য হবেন না।

০৪। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

সংযুক্তি : বর্ণনামতে

অনুমোদনক্রমে-


আপনার বিশ্বস্ত,

(মোঃ মিজানুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/শানিব্যাউবি-১(৩৩)/২০১৬-২০১৭/১৪৬৬(২০)

তারিখঃ ২১-০৬-২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :-

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, ঢাকা/চট্টগ্রাম/ময়মনসিংহ।
- ৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৬। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম ও ময়মনসিংহ।
- ৭। নথি/মহানথি।


(মোঃ আবুল কালাম ভূঁইয়া) ২১/০৬/১৭
সহকারী মহাব্যবস্থাপক



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১৬

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে তফসিলি ব্যাংকের সংশ্লিষ্ট শাখাসমূহ আগামী ২৩ ও ২৪ জুন, ২০১৭ তারিখ (শুক্রবার ও শনিবার) খোলা রাখা প্রসঙ্গে

আসন্ন ঈদ-উল-ফিতরের পূর্বে তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে এবং রপ্তানী বাণিজ্য সচল রাখার স্বার্থে ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত পোশাক শিল্প এলাকার তফসিলি ব্যাংকের কেবলমাত্র তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক আগামী ২৩ জুন, ২০১৭ তারিখ শুক্রবার অর্ধদিবস (সকাল ৯.৩০ ঘটিকা থেকে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত) এবং ২৪ জুন, ২০১৭ তারিখ শনিবার পূর্ণ দিবস (সকাল ৯.৩০ ঘটিকা থেকে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত) খোলা রাখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে অনুযায়ী এতদ্বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো। এক্ষেত্রে ১৯ ডিসেম্বর, ২০১৩ তারিখে জারীকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২৭ এর নির্দেশনা পরিপালন নিশ্চিত করার জন্যও আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-

(বিন্দু ভূষণ বসাক)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০৬১৮